দৈনিক বাংলা

089

তাং. 15|10|80
পৃষ্ঠা.



মঙ্গলবার প্রাথমিক শিক্ষক-শিক্ষয়িত্রীরা তাদের বিভিন্ন দাবী-দাওয়া নিয়ে একটি মিছিল বের করেন —দৈনিক বাংলা

# প্রাথমিক শিক্ষকদের সভা ও মিছিল

(স্টাফ রিপোর্টার)

মহানগরীর প্রাথমিক বিদ্যালয় সমূহ ঢাকা পৌর করপোরেশনের অধীনে ন্যস্ত করার প্রতিবাদে ঢাকা মহানগরী প্রাথমিক শিক্ষক সংগ্রাম পরিষদের উদ্যোগে মঙ্গলবার সকালে বায়তুল মোকাররম প্রাঙ্গণে মহানগরীর প্রাথমিক শিক্ষকদের এক সভা হয়।

বায়তুল মোকাররমের সভা শেষে সংগ্রাম পরিষদের সদস্যগণ প্রেসিডেন্টের কাছে স্মারকলিপি পেশ করার জন্য মিছিলসহকারে বঙ্গভবনের দিকে অগ্রসর হলে ঢাকা জেলা ক্রীড়া সমিতি মিলনায়তনের নিকট পুলিশ কর্তৃক বাধাপ্রাপ্ত হয়। অতঃপর স্মারকলিপিটি পুলিশ অফিসারের কাছে অর্পণ করা হয়।

স্মারকলিপিতে প্রাথমিক বিদ্যালয়গুলি সরাসরি সরকারের অধীনে রাখার আহ্বান জানান হয়। এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান হয় যে, মহানগরীর প্রাথমিক বিদ্যালয়গুলি পৌর করপোরেশনের অধীনে ন্যস্ত করার প্রতিবাদে মহানগরীর বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ গতকাল ধর্মঘট পালন করেন।